# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫১৪৩

৩৮/ সালাম (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৬. কেউ ডাকলে ''লাব্বায়ক'' বলা- সম্পর্কে।

باب فِي الرَّجُلِ يُنَادِي الرَّجُلَ فَيَقُولُ لَبَّيْكَ

আরবী

حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا حَمَّادٌ، أَخْبَرَنَا يَعْلَى بْنُ عَطَاءٍ، عَنْ أَبِي هَمَّامٍ عَبْدِ اللَّهِ بْنِ يَسَارٍ، أَنَّ أَبَا عَبْدِ الرَّحْمَنِ الْفِهْرِيَّ، قَالَ شَهِدْتُ مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم حُنَيْنًا فَسِرْنَا فِي يَوْمٍ قَائِظٍ شَدِيدِ الْحَرِّ فَنَزَلْنَا تَحْتَ ظِلِّ الشَّجَرَةِ فَلَمَّا زَالَتِ الشَّمْسُ لَبِسْتُ لأْمَتِي وَرَكِبْتُ فَرَسِي فَأَتَيْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم وَهُوَ فِي فُسْطَاطِهِ فَقُلْتُ السَّلاَمُ عَلَيْكَ يَا رَسُولَ اللَّهِ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ قَدْ حَانَ الرَّوَاحُ فَقَالَ " أَجَلْ " . ثُمَّ قَالَ " يَا بِلاَلُ قُمْ " . فَثَارَ مِنْ تَحْتِ سَمُرَةٍ كَأَنَّ ظِلَّهُ ظِلُّ طَائِرٍ فَقَالَ لَبَّيْكَ وَسَعْدَيْكَ وَأَنَا فِدَاؤُكَ . فَقَالَ " أَسْرِجْ لِي الْفَرَسَ " . فَأَخْرَجَ سَرْجًا دَفَّتَاهُ مِنْ لِيفٍ لَيْسَ فِيهِ أَشَرٌ وَلاَ بَطَرٌ فَرَكِبَ وَرَكِبْنَا . وَسَاقَ الْحَدِيثَ .

বাংলা

৫১৪৩. মূসা ইবন ইসমাঈল (রহঃ) ..... আবূ আবদুর রহমান ফিহরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ আমি হুনায়নের যুদ্ধের সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সংগে ছিলাম। আমরা এমন এক সময় সফর করি, যখন ছিল প্রচন্ড গরম। ফলে, আমরা একটি গাছের নীচে অবস্থান করি। এরপর সূর্য যখন পশ্চিম আকাশে ঢলে পড়ে, তখন আমি আমার লৌহবর্ম পরে, ঘোড়ায় চড়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে আসি। তখন তিনি তাঁর তাঁবুর মাঝে অবস্থান করছিলেন। আমি বলিঃ ইয়া রাসূলাল্লাহ! আপনার প্রতি সালাম রহমত ও বরকত নাযিল হোক, এখন সফরের সময় উপস্থিত।

তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ হ্যাঁ! এরপর তিনি বলেনঃ হে বিলাল! উঠ! এ সময় বিলাল (রাঃ) একটা গাছের নীচ থেকে লাফিয়ে বেরিয়ে আসেন এবং তার শরীরের ছায়া ছিল পাখীর ন্যায়। বিলাল (রাঃ) বলেনঃ লাব্বায়ক অর্থাৎ আমি হাযির, সব ধরনের খিদমতের জন্য প্রস্তুত এবং আপনার জন্য উৎসর্গীত। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আমার ঘোড়ার পিঠে জিন বাঁধ। এরপর বিলাল (রাঃ) জিন বের করেন, যার দু’পাশ খেজুরের পাতায় ভরা ছিল এবং তাতে অহংকার প্রকাশের মত কিছুই ছিল না। তারপর নবী

সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সওয়ার হলে, আমরাও আমাদের বাহনে সওয়ার হই।

## English

Narrated AbuAbdurRahman al-Fihri:

I was present with the Messenger of Allah at the battle of Hunayn. We travelled on a hot day when the heat was extreme. We halted under the shade of a tree. When the sun passed the meridian, I put on my coat of mail and rode on my horse. I came to the Messenger of Allah (ﷺ) who was in a tent.

I said: Peace, Allah's mercy and His blessings be upon you! The time of departure has come.

He said: Yes. He then said: Rise, Bilal. He jumped out from beneath a gum-acacia tree and its shade was like that of a bird.

He said: I am at your service and at your pleasure, and I make myself a sacrifice for you.

He said: Put the saddle on the horse for me. He then took out a saddle, both sides of which were stuffed with palm-leaves; it showed no arrogance and pride. So he rode and we also rode. He then mentioned the rest of the tradition.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37249

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন